# প্রশ্নোত্তরে ফিকহুল ইবাদাত

বিভাগ/অধ্যায়ঃ প্রথম অধ্যায় - তাহারাত বা পবিত্রতা

রচয়িতা/সঙ্কলকঃ অধ্যাপক মোঃ নূরুল ইসলাম

২৩. প্রস্রাব-পায়খানার সময় কী কী কাজ করা হারাম?

১. কিবলার দিকে মুখ বা পিঠ দিয়ে বসা। (বুখারী: ৩৯৪)

২. ডান হাতে লজ্জাস্থান স্পর্শ করা এবং ডান হাত দিয়ে ইস্তিঞ্জা করা (বুখারী: ১৫৩) এবং ডান হাতে ঢিলাকুলুখ ব্যবহার করা। এসব কাজে ডান হাত ব্যবহার করতে আল্লাহর রাসূল (স) নিষেধ করেছেন। তাছাড়া মসজিদ থেকে বের হতে এবং পোশাক ও জুতা খোলার সময়ও রাসূলুল্লাহ (স) বাম পা আগে ব্যবহার করতে উপদেশ দিয়েছেন ।

৩. জমাটবদ্ধ পানিতে প্রস্রাব করা ও ফরয গোসল করা। প্রবাহমান নয় এমন জমে থাকা পানিতে প্রস্রাব ও ফরয গোসল করতে রাসূলুল্লাহ (স) নিষেধ করেছেন । (বুখারী: ২৩৯, মুসলিম: ২৮৩)

৪. যেসব স্থানে পেশাব-পায়খানা করা নিষেধ তা হলো: মুসলমানদের কবরস্থানে, গাছের ছায়ায়, ফলবান বৃক্ষের নিচে, বাগানে, পথে-ঘাটে, মানুষের চলাচলের রাস্তায়, পানির উৎসস্থলে ও মসজিদে। (মুসলিম: ২৬৯, আবু দাউদ: ২৬)

৫. সে অবস্থায় কুরআন পড়া ও কুরআন সাথে রাখা।

Source — https://www.hadithbd.com/books/link/?id=12755

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন